রেজিস্টার্ড নং ডিএ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৮, ২০১৩

৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আষাঢ় ১৪২০/৯ জুলাই ২০১৩

**এস. আর. ও. নম্বর ২৪৭-আইন/২০১৩।**—ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন) এর ধারা ৮১, ধারা ১৩ এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই প্রবিধানমালা উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(১) "আইন" অর্থ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ (২০০৯ সনের ২৬ নম্বর আইন);

(২) "ইউনিয়ন কমিটি" অর্থ প্রবিধান ৪ এর অধিন গঠিত ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৩) "উপজেলা কমিটি" অর্থ প্রবিধান ৩ এর অধিন গঠিত উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৪) "জেলা কমিটি" অর্থ আইনের ধারা ১০ এর অধিন গঠিত জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি;

(৫) "তহবিল" অর্থ পরিষদের তহবিল, জেলা কমিটির তহবিল, উপজেলা কমিটির তহবিল এবং ইউনিয়ন কমিটির তহবিল;

(৬) "পরিষদ" অর্থ আইনের ধারা ৫ এর অধিন গঠিত পরিষদ; এবং

(৭) "ফরম" অর্থ এই প্রবিধানমালার কোন ফরম।

৩। **উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন।**—(১) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক উপজেলায় উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি উপজেলা কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ—

(ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যিনি উহার সভাপতি হইবেন;

(খ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(গ) মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ (পদাধিকারবলে);

(ঘ) চেয়ারম্যান, বি. আর. ডি. বি. (পদাধিকারবলে);

(ঙ) পৌরসভা, যদি থাকে, এর মেয়র বা মেয়র কর্তৃক মনোনিত একজন প্রতিনিধি;

(চ) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার (পদাধিকারবলে);

(ছ) উপজেলা কৃষি অফিসার (পদাধিকারবলে);

(জ) উপজেলা প্রাণিসম্পদ অফিসার (পদাধিকারবলে);

(ঝ) উপজেলা মৎস্য অফিসার (পদাধিকারবলে);

(ঞ) থানা অফিসার-ইন-চার্জ (পদাধিকারবলে);

(ট) উপজেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা অফিসার (পদাধিকারবলে);

(ঠ) উপজেলা মহিলা বিষয়ক অফিসার (পদাধিকারবলে);

(ড) অধ্যক্ষ, স্থানীয় সরকারি/বেসরকারি মহাবিদ্যালয় (পদাধিকারবলে);

(ঢ) কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ (পদাধিকারবলে);

(ণ) প্রধান শিক্ষক, স্থানীয় সরকারি/বেসরকারি উচ্চ বিদ্যালয় (পদাধিকারবলে);

(ত) অধিদপ্তর কর্তৃক মনোনিত জনপ্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন দুই জন প্রতিনিধি; এবং

(থ) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সদস্য সচিব হইবেন।

(২) উপজেলা কমিটির মনোনিত সদস্যগণ তাঁহাদের মনোনয়নের তারিখ হইতে দুই বৎসর ছয় মাসের জন্য সদস্য পদে বহাল থাকিবেন ঃ

তবে শর্ত থাকে যে, অধিদপ্তর যে কোন সময় তৎকর্তৃক প্রদত্ত মনোনয়ন বাতিল করিয়া নতুন কোন ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

৪। **ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন**।—আইনের উদ্দেশ্য পূরণকল্পে, প্রত্যেক ইউনিয়নে ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি নামে একটি ইউনিয়ন কমিটি থাকিবে, যাহা নিম্নরূপ সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা ঃ

(ক) চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, যিনি উহার সভাপতি হইবেন ঃ

(খ) ইউনিয়ন পরিষদের সকল সদস্য;

(গ) ইউনিয়ন পরিষদের সংরক্ষিত আসনের সকল সদস্য;

(ঘ) মেডিকেল অফিসার, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র;

(ঙ) ইউনিয়ন উপ সহকারি কৃষি অফিসার;

(চ) ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা;

(ছ) গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ইউনিয়ন দলনেতা (পুরুষ);

(জ) ইউনিয়ন তথ্য সেবাকেন্দ্রের উদ্যোক্তা (পুরুষ);

(ঝ) স্থানীয় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক; এবং

(ঞ) সচিব, ইউনিয়ন পরিষদ যিনি উহার সদস্য-সচিব হইবেন।

৫। **উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি**।—উপজেলা কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা, যদি থাকে, প্রতিপালন করা;

(খ) পরিষদ বা জেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) উপজেলা পর্যায়ের পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

৬। **ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি**।—ইউনিয়ন কমিটির দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা ঃ—

(ক) ভোক্তা অধিকার সংরক্ষণ সম্পর্কে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা , যদি থাকে, প্রতিপালন করা;

(খ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটির কার্যাবলি সম্পাদনে পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটিকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা;

(গ) ভোক্তা অধিকার বিষয়ে নাগরিকদের সচেতন করিবার জন্য প্রয়োজনীয় প্রচার কার্যক্রম পরিচালনাসহ (যেমন-প্যাম্পলেট, লিফলেট, ইত্যাদি বিতরণ ও পোস্টার, ইত্যাদি টানানো) সভা, সেমিনার ও কর্মশালা আয়োজন করা;

(ঘ) ইউনিয়ন পর্যায়ে পাইকারি ও খুচরা ব্যবসা প্রতিষ্ঠানসহ ভোক্তাদের ব্যবহারের জন্য অন্যান্য পণ্য উৎপাদন ও বিপণন প্রতিষ্ঠানসমূহের কার্যাবলি তদারক ও পরিবীক্ষণ করা;

(ঙ) পরিষদ বা জেলা কমিটি বা উপজেলা কমিটি কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা; এবং

(চ) উপরি-উক্ত কার্যাবলি সম্পাদনের প্রয়োজনে আনুষঙ্গিক যে কোন কার্য সম্পাদন করা।

৭। **উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভা।**—(১) এই প্রবিধানমালার অন্যান্য প্রবিধান সাপেক্ষে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভা উহার সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে নির্ধারিত স্থান ও সময়ে আহ্বান করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, প্রতি মাসে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৩) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভাপতি উক্ত কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে উপজেলা কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ভাইস চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের অনুপস্থিতিতে মহিলা ভাইস চেয়ারম্যান সভায় সভাপতিত্ব করিবেন এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে, সভাপতির অনুপস্থিতিতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ও মেডিকেল অফিসারের অনুপস্থিতিতে ইউনিয়ন পরিষদের একজন প্যানেল চেয়ারম্যান ক্রমিকানুযায়ী সভায় সভাপতিত্ব করিবেন।

(৪) অন্যূন ৭ (সাত) জন সদস্যের উপস্থিতিতে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সভার কোরাম গঠিত হইবে।

(৫) শুধু কোন সদস্য পদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকিবার কারণে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোন ফোরামে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

৮। **উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিল।**—পরিষদ কর্তৃক বরাদ্দকৃত অর্থ উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির তহবিলে জমা হইবে।

৯। **উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের ব্যয় এবং পরিচালনা।**—(১) এই প্রবিধানমালার উদ্দেশ্য পূরণকল্পে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার উপর অর্পিত দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদনের লক্ষ্যে উহার তহবিলে রক্ষিত অর্থ হইতে প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(২) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির পক্ষে মামলা দায়ের এবং উহার বিপক্ষে দায়েরকৃত মামলা পরিচালনার জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করিতে পারিবে।

(৩) ল্যাবরেটরি পরীক্ষা, উহার ধরন অনুসারে, করিতে বা করাইতে পারিবে এবং উক্তরূপ পরীক্ষার জন্য বিভিন্ন ল্যাবরেটরিতে বা গবেষণাগারে নির্ধারিত ফি পরিশোধ করিতে পারিবে।

(৪) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরীক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ এ উল্লিখিত খাতসমূহের মধ্যে উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির জন্য প্রযোজ্য, এইরূপ খাতে পরিষদের ন্যায় ব্যয় নির্বাহ করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ ব্যয় নির্বাহের পূর্বে পরিষদের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-প্রবিধান (৪) ব্যতিত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির অন্যান্য প্রয়োজনীয় ব্যয় উহার তহবিল হইতে, সময়ে সময়ে, নির্বাহ করা হইবে এবং উক্তরূপ ব্যয় সংক্রান্ত একটি ত্রৈমাসিক বিবরণী পরিষদের নিকট পেশ করিবে।

(৬) উপজেলা কমিটির ক্ষেত্রে উপজেলা কমিটির সভাপতি ও সদস্য সচিব এবং ইউনিয়ন কমিটির ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ও সদস্য সচিব এর যৌথ স্বাক্ষরে, পরিষদ কর্তৃক অনুমোদিত তফসিলি ব্যাংকে জমাকৃত উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের অর্থ উত্তোলন করা যাইবে এবং তাঁহারা উক্ত তহবিল পরিচালনার জন্য সংশ্লিষ্ট কমিটি ও পরিষদ এর নিকট দায়ী থাকিবেন।

১০। **উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির হিসাব সংরক্ষণ পদ্ধতি।**—(১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সভাপতির সার্বিক তত্ত্বাবধানে ও নিয়ন্ত্রণে উপজেলা ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব তহবিলের যাবতীয় হিসাব ও রেকর্ড সংরক্ষণ করিবেন।

(২) উপজেলা ও ইউনিয়ন কমিটির তহবিলের যাবতীয় অর্থের ব্যয় ও হিসাব সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটির সদস্য সচিব উপজেলা কমিটির নিকট ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব ইউনিয়ন কমিটির নিকট দায়ী থাকিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি পরিষদের নিকট দায়ী থাকিবে।

(৩) উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী **"ফরম-ক"** অনুসারে সংরক্ষণ করিতে হইবে এবং আইনের ধারা ১৬ এর অধিন হিসাব রক্ষণ ও নিরীক্ষার কাজে সহায়তার জন্য এতদ্‌সংশ্লিষ্ট সকল কাগজাদি, তথ্য, ভাউচার, ইত্যাদি সংরক্ষণ করিতে হইবে এবং এ সংক্রান্ত একটি পৃথক রেজিস্টারে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে।

(৪) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব বিবরণী **"ফরম-খ"** অনুসারে পরিষদের সচিবের নিকট দাখিল করিবে এবং পরিষদের সচিব উক্ত বিবরণী পরিষদ সভায় উপস্থাপন করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার আয়-ব্যয় সংক্রান্ত বিবরণী প্রতি মাসে অনুষ্ঠিত উহার সভায় উপস্থাপন করিবে এবং সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সংক্রান্ত তথ্যাদি, আপত্তি থাকিলে, উহাসহ, পরিষদের নিকট দাখিল করিবে।

(৫) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব প্রতি অর্থ বৎসর শেষে উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর ক্যাশ বহি ও ব্যাংক একাউন্টের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করিবেন;

(৬) প্রবিধান ৯ এ উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ন ও সম্পাদনের উদ্দেশ্যে প্রদত্ত অর্থের অব্যয়িত হিসাব (যদি থাকে) প্রতি বৎসর **১৫** জুন তারিখের মধ্যে অর্থ বরাদ্দকৃত কর্মকর্তা বরাবর প্রদান করিতে হইবে।

(৭) জেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর অর্থ ব্যয়ের জন্য **"ফরম-ক"** অনুসারে জমা ও খরচের হিসাব বিবরণী রেজিস্টার, দায়িত্বপ্রাপ্ত উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটির সদস্য সচিব সংরক্ষণ করিবেন।

**১১। আয় ও ব্যয়ের খাতওয়ারি শ্রেণীবিন্যাস।**—(১) উপজেলা ও ইউনিয়ন কমিটি কর্তৃক সকল আয় ও ব্যয় পৃথক হিসাবের খাতে বিন্যাস করিতে হইবে।

(২) সকল প্রকার ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ পৃথকভাবে প্রতিটি হিসাবের খাতে প্রদর্শন করিতে হইবে।

(৩) ভোক্তা অধিকার সংরক্ষণ তহবিল (হিসাব ও নিরিক্ষা) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধিান ৩ এবং এই প্রবিধানমালার প্রবিধান ৯ এ উল্লিখিত ব্যয়ের ক্ষেত্রে, প্রয়োজন অনুযায়ী, নির্ধারিত অর্থের হিসাব পৃথকভাবে যথাযথ হিসাবের খাতে নির্দিষ্ট করিতে হইবে।

**১২। বাজেট।**—প্রত্যেক উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি উহার কী পরিমাণ অর্থের প্রয়োজন তাহার যথার্থতা উল্লেখপূর্বক, সরকারের নিকট উপস্থাপনের লক্ষ্যে, পরিষদের নিকট প্রতি বৎসর, পরিষদ কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে পেশ করিবে।

**১৩। হিসাব রক্ষণ ও নিরীক্ষা।**—(১) উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি যথাযথভাবে উহার তহবিলের হিসাব রক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা-হিসাব নিরীক্ষক নামে অভিহিত, বা তাঁহার নিকট হইতে এতদ্‌উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি প্রতি বৎসর উপজেলা কমিটির তহবিল ও ইউনিয়ন কমিটির তহবিল এর হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা প্রতিবেদনের একটি করিয়া অনুলিপি পরিষদ এবং সংশ্লিষ্ট কমিটির নিকট পেশ করিবেন।

(৩) উপ-প্রবিধান (২) এর অধিন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা-হিসাব নিরীক্ষক কিংবা তাঁহার নিকট হইতে এতদ্‌উদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর সকল রেকর্ড, দলিল ও কাগজপত্র, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভাণ্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং উপজেলা কমিটি ও ইউনিয়ন কমিটি এর যে কোন সদস্যকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

**উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি**

**"ফরম-ক"**

[ উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ১০(৩) দ্রষ্টব্য]

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের জমা ও খরচের হিসাব বিবরণী ঃ

অর্থ বৎসর ঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সদস্য সচিবের নাম ও পদবি ঃ

| জমার বিবরণী | | | | | খরচের বিবরণী | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | অর্থ প্রাপ্তির উৎসের বিবরণী | ব্যাংক ড্রাফ্‌ট/ চেক নম্বর, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি | টাকার পরিমাণ | মোট প্রাপ্তি | খরচ খাতের বিবরণী | ব্যাংক ড্রাফ্‌ট/ চেক নম্বর, ব্যাংক ও শাখার নাম এবং তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে), ইত্যাদি | টাকার পরিমাণ | মোট ব্যয় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |
| মোট প্রাপ্ত টাকা ঃ | | | | | মোট খরচ ঃ | | | |
| প্রারম্ভিক মোট ঃ | | | | | সমাপ্তির জের ঃ | | | |
| সর্বমোট ঃ | | | | | সর্বমোট ঃ | | | |

উপজেলা/ইউনিয়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর

উপজেলা/ইউনিয়ন কমিটির সভাপতির স্বাক্ষর

**উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি**

**"ফরম-খ"**

[ উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠন প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ১০(৪) দ্রষ্টব্য ]

উপজেলা/ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির তহবিলের ত্রৈমাসিক হিসাব বিবরণী ঃ

তিন মাসের নাম ঃ

অর্থ বৎসর ঃ

খ্রিস্টাব্দ ঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সদস্য সচিবের নাম ও পদবি ঃ

| প্রারম্ভিক জের | ....মাসের মোট প্রাপ্তি | | মোট অর্থ (১+৩) | .....মাসের মোট ব্যয় | | | ....মাসের অব্যয়িত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | তারিখ | মোট প্রাপ্তি | | ব্যয়ের খাত | ব্যয় বিবরণী | মোট ব্যয় | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | | |

উপজেলা/ইউনিয়ন কমিটির সদস্য সচিবের স্বাক্ষর

উপজেলা/ইউনিয়ন কমিটির সভাপতির স্বাক্ষর

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ এর আদেশক্রমে

**মোঃ আবুল হোসেন মিঞা**
মহাপরিচালক
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও
সচিব
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ পরিষদ।

---

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৩ মার্চ ২০১৩

**নং ৬৭ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত ২য় শ্রেণীর গেজেটেড পদধারী সহকারী বেঞ্চ অফিসার পদে ৮(আট) বছর পূর্ণ হওয়ায় এবং তাঁহার সন্তোষজনক চাকুরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রচলিত শর্তাদি পূরণ স্বাপেক্ষে নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/ ২০০৯ এর ৭(২) নং অনুচ্ছেদ অনুয়ায়ী ১২০০০-২১৬০০ টাকার পরবর্তী উচ্চতর ১৫০০০—২৬২০০ টাকার স্কেলটি ১ম টাইম স্কেল হিসাবে প্রদানের জন্য কর্তৃপক্ষ ০৪-০৩-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করিয়াছেন ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | সহকারী বেঞ্চ অফিসার পদে যোগদানের তারিখ | ২য় শ্রেণীর গেজেটেড পদে ৮ (আট) বছর পূর্তির তারিখ | ১ম টাইম স্কেল প্রাপ্যতার তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য প্রথম টাইম স্কেল |
|---|---|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আবুল কালাম আজাদ, সহকারী বেঞ্চ অফিসার। | ০১-১২-০৩ ৩৭ দিন বিনা বেতনে ছুটি মঞ্জুরীর কারণে ০৭-০১-০৪ | ০৬-০১-১২ | ০৭-০১-১২ | ১২০০০-২১৬০০ জাঃবেঃ স্কেল/০৯ | ১৫০০০-২৬২০০ জাঃবেঃ স্কেল/০৯ |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হইল।

**নং ৬৮ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত ২য় শ্রেণীর গেজেটেড পদধারী প্রশাসনিক কর্মকর্তা পদে ৮(আট) বছর পূর্ণ হওয়ায় এবং তাঁহার সন্তোষজনক চাকুরীর রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে নিম্নবর্ণিত কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/ ২০০৯ এর ৭(২) নং অনুচ্ছেদ অনুযায়ী ১১০০০—২০৩৭০ টাকার পরবর্তী উচ্চতর ১২০০০—২১৬০০ টাকার স্কেলটি ১ম টাইম স্কেল হিসাবে প্রদানের জন্য কর্তৃপক্ষ ০৪-০৩-২০১৩ তারিখে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করিয়াছেন ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রশাসনিক কর্মকর্তার পদে আপগ্রেড তারিখ | ২য় শ্রেণীর গেজেটেড পদে ৮ (আট) বছর পূর্তির তারিখ | ১ম টাইম স্কেল প্রাপ্যতার তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য ১ম টাইম স্কেল |
|---|---|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আবদুর রাজ্জাক-১ প্রশাসনিক কর্মকর্তা | ০১-০৯-০৪ | ৩১-০৮-১২ | ০১-০৯-১২ | ১১০০-২০৩৭০ জাঃবেঃ স্কেল/০৯ | ১২০০০-২১৬০০ জাঃবেঃ স্কেল/০৯ |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হইল।

আদেশক্রমে

**মোঃ শাহজাহান কবির**
ডেপুটি রেজিস্ট্রার-১
(ভারপ্রাপ্ত)।

## বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ ফাল্গুন ১৪১৯/২৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ০০.২৬৬.০১৯.০০.০৪.০০৭.২০১১-২৩০**—সিলেট বিভাগের অধীন মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলা ভূমি অফিসে কর্মরত সহকারী কমিশনার (ভূমি) জনাব মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী (১৬২৮৮)-কে নিম্নোক্তভাবে সমপদে বদলী/পদায়ন করা হলো ঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পরিচিতি নং | নিজ জেলা | স্পাউসের জেলা | বর্তমান কর্মস্থল | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|
| (১) | জনাব মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরী (১৬২৮৮), সহকারী কমিশনার (ভূমি)। | চট্টগ্রাম | .. | উপজেলা ভূমি অফিস, জুড়ী, মৌলভীবাজার। | উপজেলা ভূমি অফিস, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এন এম জিয়াউল আলম**
কমিশনার।

---

**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ ফাল্গুন ১৪১৯/০৩ মার্চ ২০১৩

**নং ০০.২৬৬.০১৮.০০.০৪.০০৩.২০১২-২৩৬**—সিলেট বিভাগের অধীন জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ-এ কর্মরত জনাব সেজুঁতি ধর (১৬৯৪৪), সহকারী কমিশনার-কে The Public Demand Recovery Act, ১৯১৩ এর ৩(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আইনের আওতায় সরকারি দাবী আদায়/সার্টিফিকেট মামলা পরিচালনার জন্য বর্তমান অধিক্ষেত্রে তাঁকে জেনারেল সার্টিফিকেট অফিসার (জিসিও) এর ক্ষমতা অর্পণ করা হলো।

২। সার্টিফিকেট মামলা পরিচালনার ক্ষেত্রে সমগ্র হবিগঞ্জ জেলা উল্লিখিত কর্মকর্তার অধিক্ষেত্র হিসেবে বিবেচিত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এন এম জিয়াউল আলম**
কমিশনার।

---

## কমিশনার অফিস, চট্টগ্রাম বিভাগ
## (জনপ্রশাসন শাখা)

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং ০০. ৪২. ০১৯. ১৪. ০৩. ০০১. ২০১২-১৪৯**—বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে পদায়ন করা হলো ঃ

জনাব মোঃ আমিনুল ইসলাম (১৫৯০৯), নিজ জেলা-বগুড়া, স্পাউসের জেলা-জয়পুরহাট, ইউএনও হিসাবে পদায়নের জন্য বিভাগীয় কমিশনার অফিস, চট্টগ্রামে ন্যস্ত—রামগড় খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ নূরুল ইসলাম**
বিভাগীয় কমিশনার (রুটিন দায়িত্ব)।

---

## বিভাগীয় কমিশনারের কার্যালয়
## রংপুর বিভাগ, রংপুর

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং ০৫.৪৭.০০০০.০০৬.০৮.০০১.১৩-২০২**—প্রশাসনিক কাজের স্বার্থে রংপুর বিভাগে উপজেলা নির্বাহী অফিসার হিসেবে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নিয়োগ/বদলি করা হলো ঃ

জনাব মোঃ গোলাম রাব্বী (১৫৪৩৪), উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর। নিজ জেলা গাইবান্ধা ও স্পাউসের জেলা-নীলফামারী—উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিগঞ্জ, লালমনিরহাট।

২। বদলি/পদায়নকৃত উপজেলা নির্বাহী অফিসারকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক তাঁর অধিক্ষেত্রের মধ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করার জন্য ফৌজদারী কার্যবিধির ১৪৪ ধারার ক্ষমতা অর্পণ করা হলো।

৩। বর্ণিত কর্মকর্তা আগামী ১৭-০২-২০১৩ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হবেন, অন্যথায় আগামী ১৮-০২-২০১৩ তারিখ অপরাহ্নে তাৎক্ষণিকভাবে অবমুক্ত মর্মে গণ্য হবেন।

৪। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

**জসীম উদ্দিন আহমেদ**
বিভাগীয় কমিশনার।

---

## পুলিশ হেডকোয়ার্টার্স

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/২৭-২০০৯/৪৪৭**—ড. হাসান উল হায়দার, অধিনায়ক (পুলিশ সুপার) ৮ম এপিবিএন, সিলেট, অতিরিক্ত ডিআইজি, এপিবিএন, সদর দপ্তর, ঢাকা হিসেবে বদলি হওয়ায় গত ৩১-১-২০১৩ তারিখে প্রস্থান গ্রহণ করেছেন। বর্তমানে অধিনায়ক (পুলিশ সুপার), ৮ম এপিবিএন, সিলেট হিসেবে কোন কর্মকর্তা কর্মরত নেই।

এমতাবস্থায়, অধিনায়ক (পুলিশ সুপার), ৮ম এপিবিএন, সিলেট হিসেবে বদলিসূত্রে কোন কর্মকর্তা যোগদান না করা পর্যন্ত জনাব মিয়া মাসুদ করিম, অতিরিক্ত পুলিশ সুপার, ৮ম এপিবিএন, সিলেট-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উক্ত সংস্থার আয়ন-ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করা হলো।

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০১২

**নং জিএ/৪-২০১৩ (অংশ-১)/৪৮৪**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নম্বর ৪৪.০০.০০০০.০৯৪.০১.০০১.১২-৯৯৩ তারিখ ৩১-১২-২০১২ মোতাবেক জনাব বসু দত্ত চাকমা, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, কক্সবাজার-কে বিসিএস (পুলিশ) ক্যাডারে সহকারী পুলিশ সুপার পদে (জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ৯ম গ্রেড ভুক্ত টাকা ১১০০০–২০৩৭০ বেতনক্রম) পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতিপ্রাপ্ত উক্ত কর্মকর্তাকে পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং জিএ/৪-২০১৩ (অংশ-১)/২৫৯, তারিখ ৩০-১-২০১৩ মোতাবেক সহকারী পুলিশ সুপার, ১০ম এপিবিএবন, মহালছড়ি, খাগড়াছড়ি হিসেবে বদলী করা হয়।

উক্ত কর্মকর্তা-এর সহকারী পুলিশ সুপার, ১০ম এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি হিসেবে বদলীর আদেশ বাতিল করতঃ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা হিসেবে বদলী করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/২৪-২০১০(অংশ)(ইন্স)/৪৮৯**—রাজশাহী জেলায় কর্মরত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মোঃ রেজাউল বাসার (বিপি-৭৩৯৪০১১১৩৯) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে র‌্যাব-এ বদলী করা হলো ঃ

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ২৪ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/২-২০১৩(অংশ)/৫০০**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলী/পদায়ন করা হলো ঃ

(১) জনাব এ, এইচ, এম ইয়াদুল ইসলাম (বিপি-৭৯০৭১০৯০৩২), অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন ব্যাটালিয়ন, ঢাকা প্রেষণে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা—অতিরিক্ত পুলিশ সুপার, প্রেষণে বিপিএ, সারদা, রাজশাহী।

(২) জনাব রওনকুল হক চৌধুরী, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা, অতিরিক্ত পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি কার্যালয়, সিলেট হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি, ঢাকা।

(৩) জনাব মোঃ মাহফুজুর রহমান (বিপি ৭৭০৬১১২৩৭০), সিনিয়র সহকারী পুলিশ সুপার, এ-সার্কেল, গাইবান্ধা, অতিরিক্ত পুলিশ সুপার, রাজশাহী হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—অতিরিক্ত পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, গাইবান্ধা।

(৪) জনাব মোহাম্মদ মহিউল ইসলাম (বিপি ৭৯০৬১১৯৭৮২), সিনিয়র সহকারী পুলিশ সুপার, ৯ম এপিবিএন, চট্টগ্রাম, অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ঢাকা হিসেবে বদলির আদেশপ্রাপ্ত—অতিরিক্ত পুলিশ সুপার, ৯ম এপিবিএন, চট্টগ্রাম।

(৫) জনাব মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন ভূঁঞা (বিপি ৭২০৩০২০৮৫০), অতিরিক্ত পুলিশ সুপার, পাবনা, কঙ্গো মিশন হতে প্রত্যাগত এবং পুলিশ হেডকোয়ার্টার্সে রিপোর্টকৃত—অতিরিক্ত পুলিশ সুপার, রাজশাহী।

ক্রমিক নং-১ এ বর্ণিত জনাব এ, এইচ, এম ইয়াদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার, বিশেষায়িত সিকিউরিটি ও প্রটেকশন ব্যাটালিয়ন, ঢাকা এর পুলিশ হেডকোয়ার্টার্সে প্রেষণাদেশ এতদ্বারা বাতিল করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/২-২০১৩(অংশ)/২৬১, তারিখ ৩১-১-২০১৩ মোতাবেক ক্রমিক নং-২ এ বর্ণিত জনাব রওনকুল হক চৌধুরী, সিনিয়র সহকারী পুলিশ সুপার, সিআইডি, ঢাকা এর অতিরিক্ত পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি কার্যালয়, সিলেট হিসেবে বদলির আদেশ এবং ক্রমিক নং-৩ এ জনাব মোঃ মাহফুজুর রহমান, সিনিয়র সহকারী পুলিশ সুপার এ-সার্কেল, গাইবান্ধা এর অতিরিক্ত পুলিশ সুপার, রাজশাহী হিসেবে বদলির আদেশ এবং ক্রমিক নং-৪ এ বর্ণিত জনাব মোহাম্মদ মহিউল ইসলাম, সিনিয়র সহকারী পুলিশ সুপার, ৯ম এপিবিএন, চট্টগ্রাম এর অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/৬৯-২০০৫(ইন্স)/৫২৩**—চাঁপাইনবাবগঞ্জ জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন (বিপি ৫৪৭২০০৮৫৩৯), কে গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর ৯(১) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং সম/অধি/প্রবি-১/চাঃ বিঃ ৩/২০১০ (অংশ-৩)/৬২, তারিখে ৬-৪-২০১০ মোতাবেক আবেদন অনুযায়ী ১-৩-২০১৩ তারিখে ঐচ্ছিক অবসর গ্রহণের অনুমতিসহ ২-৩-২০১৩ হতে ০১ (এক) বৎসর অবসর-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ, ২৮ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/৪-২০১৩(অংশ ১)/৫৩৮**—জনাব মোঃ সাকিবুল ইসলাম খান, সহকারী পুলিশ সুপার, আরআরএফ, ঢাকা কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে ০৬ (ছয়) মাসের জন্য প্রেষণে বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহীতে বদলি করা হলো। উক্ত কর্মকর্তা-কে আগামী ৩-৩-২০১৩ তারিখের মধ্যে বিপিএ, সারদা, রাজশাহীতে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।

পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং জিএ/৪-২০১৩/২৯৩, তারিখ-৫-২-২০১৩ মোতাবেক জনাব শাহেন শাহ্‌, সহকারী পুলিশ সুপার, সদর সার্কেল, কিশোরগঞ্জ এর প্রেষণে বিপিএ, সারদা, রাজশাহীর বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

তারিখ, ৩ মার্চ ২০১৩

**নং জিএ/২-২০১০(অংশ-৩)/৫৬৫**—জনাব মোহাম্মদ নূরে আলম, বিপি নং ৮০১০১২৬৮৭৬, সহকারী পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি অফিস, সিলেট-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে সহকারী পুলিশ সুপার (পিআইও), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা হিসেবে বদলী করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৪-২০১০(অংশ-১)/৫৬৮**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং স্বঃমঃ(পু-১)/নিয়োগ ১৩/২০০১ (অংশ)/১২৮, তারিখ ১১-২-২০১৩ এবং স্মারক নং স্বঃমঃ(পু-১)/নিয়োগ-৯/২০০৭ (অংশ)/১২৯, তারিখ ১১-২-২০১৩ মোতাবেক নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকদ্বয় কে বিসিএস (পুলিশ) ক্যাডারে সহকারী পুলিশ সুপার পদে (জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ৯ম গ্রেডভুক্ত টাকা ১১,০০০–২০,৩৭০ বেতনক্রম) পদোন্নতি প্রদান করা হয়েছে। পদোন্নতিপ্রাপ্ত উক্ত কর্মকর্তাদেরকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত পদে/স্থানে বদলী/পদায়ন করা হলো ঃ

(১) জনাব মোঃ আব্দুর রশিদ, পিপিএম, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা বর্তমানে সহকারী পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত—সহকারী পুলিশ সুপার, কোতয়ালী মডেল থানা, ময়মনসিংহ।

(২) জনাব ফারুক আহমেদ, বিপিএম নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ডিএমপি, ঢাকা বর্তমানে সহকারী পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত—সহকারী পুলিশ সুপার, (সদর), নরসিংদী।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং জিএ/৪-২০১৩ (অংশ-২)/৫৬৯**—পুলিশ হেডকোয়ার্টার্সের বিজ্ঞপ্তি নং-জিএ/২-২০১১(অংশ-৩)/২৯৫১, তারিখ ২৭-১২-২০১২ মোতাবেক জারীকৃত জনাব মোঃ সাইফুল ইসলাম সানতু, সহকারী পুলিশ সুপার, র‌্যাব এর সহকারী পুলিশ সুপার (সদর), নরসিংদী হিসেবে বদলির আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

**হাসান মাহমুদ খন্দকার**, বিপিএম, পিপিএম, এনডিসি
ইন্সপেক্টর জেনারেল।

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ২০ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/৩০-২০১০/৪৭৫**—ডিএমপি, ঢাকায় কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ আব্দুস সালাম মন্ডল (বিপি-৫৬৭৬০৭০৬১৭) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে প্রেষণে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকায় বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ২৬ ফেব্রুয়ারি ২০১৩

**নং জিএ/১৬-২০১০(অংশ)(ইন্স)/৫২০**—লক্ষ্মীপুর জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ এনামুল হক খান (বিপি-৬৮৯১১০২২৬২)-কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সিআইডি, ঢাকায় বদলী করা হলো।

বর্ণিত পুলিশ পরিদর্শককে আবেদনক্রমে বদলী করা হয়েছে বিধায় তিনি কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৮-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৯-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৫-২০১২(ইন্স)/৫২২**—ঠাকুরগাঁও জেলায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন (বিপি-৬৮৯০০১০২৫৩) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে রাজশাহী রেঞ্জে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৮-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৯-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/১২-২০১২(ইন্স)/৫২৪**—সিআইডি, ঢাকায় কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মাহবুবুর রহমান মিনে (বিপি-৭২০১০০৮৬০২) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে খুলনা রেঞ্জে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ৮-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ৯-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ, ২ মার্চ ২০১৩

**নং জিএ/৫-২০০৯(অংশ-১)(ইন্স)/৫৫৮**—এসএমপি, সিলেটে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব আবু শামা মোঃ ইকবাল হায়াত (বিপি-৬৮৯৩০১০৪৫৬) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে ঢাকা রেঞ্জে বদলী করা হলো।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/২৪-২০১০(অংশ)(ইন্স)/৫৫৯**—যশোর জেলায় কর্মরত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক জনাব মল্লিক খোরশেদ আলম (বিপি-৭১৯৫০১১২০২) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এসপিবিএন-এ বদলী করা হলো।

বর্ণিত পুলিশ পরিদর্শককে আবেদনক্রমে বদলী করা হয়েছে বিধায় তিনি কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/২৪-২০১০(অংশ-১)(ইন্স)/৫৬০**—সিএমপি, চট্টগ্রামের শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক (এসএমপি, সিলেটে বদলীর আদেশপ্রাপ্ত) জনাব আহম্মদ নূর (বিপি-৬৪৮৬০৬১৫৮৯) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে চট্টগ্রাম রেঞ্জে বদলী করা হলো।

পুলিশ হেডকোয়ার্টাসের বিজ্ঞপ্তি নং-জিএ/২৪-২০১০(অংশ-১)(ইন্স)/২৪৬, তারিখ ৩০-১-২০১৩ মোতাবেক উক্ত শহর ও যানবাহন পুলিশ পরিদর্শক এর এসএমপি, সিলেটে বদলীর আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**নং জিএ/৩০-২০০৬(ইন্স)/৫৬১**—পিটিসি, রংপুরে কর্মরত নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ কায়সার আলী (বিপি-৬৪৮৯০৪১৪২৭) কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সিআইডি, ঢাকায় বদলী করা হলো।

বর্ণিত পুলিশ পরিদর্শককে আবেদনক্রমে বদলী করা হয়েছে বিধায় তিনি কোন যাতায়াত ভাতা প্রাপ্য হবেন না।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১২-৩-২০১৩ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৩-৩-২০১৩ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**এ, কে, এম শহীদুল হক,** বিপিএম, পিপিএম
অতিরিক্ত আইজি (প্রশাসন)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(সংস্থাপন শাখা)**

**অফিস আদেশ**

তারিখ, ১৯ ফেব্রুয়ারি ২০১৩

**নং ০৫.৩০.৬১০০.০১২.০৪.১৬৮.১৩-৯৫**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাঠ প্রশাসন-২ শাখা এর ১৭ জানুয়ারি ২০১৩ তারিখের ০৫.১৩৮.০০৮.০১.০০৬.২০১২-৩০/১(৩০) নং প্রজ্ঞাপনমূলে বেগম বনানী বিশ্বাস (১৫৫৪১), উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ এর বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করায় তাঁর আবেদন মোতাবেক আগামী ০৩-০৩-২০১৩ তারিখ হতে ১৬-০৩-২০১৩ তারিখ পর্যন্ত ১৪ (চৌদ্দ) দিন অর্জিত ছুটি ভোগের অনুমতি প্রদান করা হ'ল।

২। তাঁর ছুটিকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এর অতিরিক্ত দায়িত্ব পালন করবেন।

**লোকমান হোসেন মিয়া**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর**
**(এল, এ শাখা)**
**২০১১ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে ভূমি অধিগ্রহণ মামলা নং-০৪/২০১১-২০১২**
**ফরম-ঘ**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[ ১১(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে ;

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহার সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের/প্রকল্প পরিচালক, বিভিন্ন জেলায় ৩০টি টিটিসি স্থাপন প্রকল্প, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা এর অনুকূলে অর্পিত হইল ঃ

**তফসিল**

জেলা শরীয়তপুর, উপজেলা শরীয়তপুর সদর, মৌজা মাকসাহার, জে, এল, নং ৫৪।

| খতিয়ান নং (বি আরএস) | দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২২৪ | ৩৯৩ | ০.০৩ |
| ২০২ | ৩৯৪ | ০.১৯ |
| ১৬৫ | ৩৯৫ | ০.৩৯ |
| ৮৩ | ৩৯৬ | ০.২৬ |
| ১১৫ | ৩৯৭ | ০.১৭ |
| ২২০ | ৩৯৮ | ০.৩৬ |
| ১১৭ | ৪০০ | ০.০৫ |
| ৩৬৭ | ৪০১ | ০.১৩ |
| ৪৬৬ | ৩৯৯ | ০.০৯ |
| ৯৯/১ | ৪০৩ | ০.০৭ |
| ৯৮,১৬৬ | ৪০২ | ০.১৪ |
| ১৩৯ | ৩৮৮ | ০.১২ |
| | | সর্বমোট ২.০০ (একর) |

**রাম চন্দ্র দাস**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে**

**অধিগ্রহণ কেস নং-০৫/২০১১-২০১২**

**ফরম-ঘ**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[ ১১(২) ধারা মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইয়াছে ;

